# সৌদির আন্তর্জাতিক কোরআন প্রতিযোগিতায় প্রথম বাংলাদেশের জাকারিয়া




ছবি: সংগৃহীত

মক্কায় অনুষ্ঠিত আন্তর্জাতিক কোরআন প্রতিযোগিতায় বাংলাদেশের জন্য গৌরব বয়ে এনেছেন হাফেজ নুরুদ্দিন জাকারিয়া। ৪৬তম কিং আবদুল আজিজ আন্তর্জাতিক কোরআন হিফজ, তিলাওয়াত ও তাফসির প্রতিযোগিতার চতুর্থ বিভাগে চ্যাম্পিয়ন হয়েছেন তিনি।

সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) জানিয়েছে, এবারের আসরে ১৩৩টি দেশ থেকে ৩৩৪ জন প্রতিযোগী অংশ নেন। তাদের মধ্য থেকে বিভিন্ন ধাপের মূল্যায়ন শেষে চতুর্থ বিভাগে প্রথম স্থান অর্জন করেন বাংলাদেশের জাকারিয়া।

রাজধানীর আর রায়হান ইন্টারন্যাশনাল মাদরাসার শিক্ষার্থী জাকারিয়া প্রতিযোগিতায় ১৫ পারা কোরআন হিফজের বিভাগে অংশ নেন। এ ক্ষেত্রে শুধু মুখস্থ করার দক্ষতাই নয়, তিলাওয়াতের শুদ্ধতা ও তাজবিদের নিয়ম সঠিকভাবে অনুসরণের বিষয়টিও বিবেচনায় নেওয়া হয়।

LENS ASIA

প্রতিযোগিতার একাধিক ধাপ সফলভাবে পেরিয়ে শেষ পর্যন্ত সেরার স্বীকৃতি পান তিনি। আন্তর্জাতিক এই আয়োজনের মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশের কোরআন শিক্ষার্থীদের সঙ্গে প্রতিযোগিতার সুযোগ পান বাংলাদেশের এই হাফেজ।

এবারের প্রতিযোগিতা মোট পাঁচটি বিভাগে অনুষ্ঠিত হয়েছে। প্রতিটি বিভাগে কোরআন মুখস্থ, তিলাওয়াত ও তাজবিদসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রতিযোগীদের পারদর্শিতা যাচাই করেন দেশি-বিদেশি বিচারকরা। সব বিভাগ মিলিয়ে ৫০ জন বিজয়ীকে পুরস্কৃত করার কথা রয়েছে।

সৌদি আরবের ইসলাম বিষয়ক, দাওয়াহ ও নির্দেশনা মন্ত্রণালয়ের আয়োজনে অনুষ্ঠিত এবারের প্রতিযোগিতায় রাখা হয়েছে বড় অঙ্কের পুরস্কার। আয়োজকদের ঘোষণা অনুযায়ী, সব মিলিয়ে পুরস্কারের অর্থমূল্য ১ কোটি ২৬ লাখ সৌদি রিয়াল।